**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**জেইসি শাখা**

## বাংলাদেশ- পাকিস্তান যৌথ অর্থনৈতিক কমিশনের ৯ম সভার প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ- পাকিস্তান যৌথ অর্থনৈতিক কমিশনের ৯ম সভা ২৭ অক্টোবর ২০২৫ তারিখে ঢাকায় অনুষ্ঠিত হয়। যৌথ অর্থনৈতিক কমিশনের এ সভায় বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব প্রদান করেন মাননীয় অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ এবং পাকিস্তানি প্রতিনিধিদলের নেতৃত্ব প্রদান করেন H.E Mr. Ali Pervaiz Malik, Minister for Petroleum, Ministry of Energy (Petroleum Division) of Pakistan.

সভাটি একটি সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়। উভয়পক্ষ দ্বিপাক্ষিক অর্থনৈতিক, বাণিজ্য ও বিনিয়োগ সহযোগিতাকে একটি নতুন কৌশলগত উচ্চতায় উন্নীত করার জন্য তাদের সর্বোচ্চ প্রতিশ্রুতি ব্যক্ত করে। ২০০৫ সনে ৮ম জেইসি সভার প্রায় দুই দশক পরে অনুষ্ঠিত এই সভা ঐতিহাসিক গুরুত্ব বহন করে। এ জেইসি সভার মাধ্যমে উভয় দেশের অর্থনৈতিক অংশীদারিত্বকে পুনরুজ্জীবিত ও আরো গভীর করার জন্য যৌথ প্রতিশ্রুতির প্রতিফলন ঘটেছে। সম্প্রতি দুই দেশের মধ্যে অনুষ্ঠিত উচ্চ-পর্যায়ের বিভিন্ন বৈঠকের মাধ্যমে দুই দেশের অর্থনৈতিক গতিশীলতা বৃদ্ধির ক্ষেত্রে অনুকূল পরিবেশ তৈরি হয়েছে মর্মে সভায় উল্লেখ করা হয়।

দ্বিপাক্ষিক এ সভায় বাণিজ্য, বিনিয়োগ, কৃষি, জ্বালানি, উচ্চশিক্ষা, ব্যাংকিং, পর্যটন, ক্রীড়া এবং জলবায়ু পরিবর্তনসহ বিভিন্ন দিক নিয়ে আলোকপাত করা হয়। উভয়পক্ষই বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধির জন্য গুরুত্বপূর্ণ সম্ভাবনার উপর গুরুত্বারোপ করে। উভয়পক্ষই সরাসরি বিমান ও নৌযান সংযোগ স্থাপন এবং বন্দর ও লজিস্টিকের ব্যবহার বৃদ্ধি করে ব্যয় হ্রাস ও দ্বিপাক্ষিক ও আঞ্চলিক বাণিজ্যিক উন্নয়নের মাধ্যমে সংযোগ বৃদ্ধিতে আগ্রহ প্রকাশ করেছে।

সভায় বাংলাদেশ সরকার এবং পাকিস্তান সরকারের মধ্যে হালাল বাণিজ্য সহযোগিতা বৃদ্ধির জন্য Bangladesh Standards and Testing Institute (BSTI) এবং Pakistan Halal Authority (PHA) এর একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে Ms. Maqsura Noor ndc এবং পাকিস্তান সরকারের পক্ষে ঢাকাস্থ পাকিস্তানের হাই কমিশনার Mr. Imran Haider সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

অদূর ভবিষ্যতে দ্বিপাক্ষিক সম্পর্ক আরো জোরদারের বিষয়ে উভয়পক্ষ আশাবাদ ব্যক্ত করে। এছাড়াও আগামী ১০ম যৌথ অর্থনৈতিক কমিশনের সভা পারস্পরিক আলোচনার ভিত্তিতে সুবিধাজনক সময়ে ইসলামাবাদে অনুষ্ঠিত হওয়ার বিষয়ে ঐকমত্য পোষণ করা হয়।

Saida Tamanna
27.10.2025

সাঈদা তামান্না
উপসচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার